প্রতিদিন অন্তত একবার বোর্ডের
Web site : **www.bteb.gov.bd**
ভিজিট করুণ।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (শর্টকোর্স শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৩৮.০০১.১৭.২১.৫২ তারিখঃ ২২-০৯-২০২১ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত শিক্ষাক্রম ০১ বছর মেয়াদি এডভান্সড সার্টিফিকেট কোর্স **জুলাই-জুন ২০২০-২০২১ সেশনের ১ম পর্ব** এবং **জুলাই-জুন ২০১৯-২০২০ সেশনের ২য় পর্ব** সমাপনি ফাইনাল পরীক্ষা **২৫ অক্টোম্বর, ২০২১ খ্রিঃ** তারিখ সোমবার হতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রেখে আসন বিন্যাস নিশ্চিত করে **১ম পর্ব** স্ব স্ব প্রতিষ্ঠান পরীক্ষা কেন্দ্রে এবং **২য় পর্ব** বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার কেন্দ্র তালিকা ও সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে। পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে জানা যাবে এবং উক্ত তথ্যাদি কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও দেখা যাবে। কেন্দ্রসমূহ **২য় পর্ব** উক্ত পরীক্ষায় **Litho Coded OMR Form সম্বলিত এবং ১ম পর্ব পরীক্ষা স্ব স্ব প্রতিষ্ঠানে লিথো বিহীন উত্তরপত্র ব্যবহার করতে হবে।**

০১ বছর মেয়াদি এডভান্সড সার্টিফিকেট কোর্স অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান মোতাবেক উক্ত কোর্সের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক ও মানবন্টন অনুযায়ী ১ম পর্ব সমাপনী এবং ২য় পর্ব বোর্ড সমাপনী (ফাইনাল) পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার্থীদের প্রিন্ট আউট/এন্ট্রিফরম, পরীক্ষার ফি আদায় এবং বোর্ড অফিসে ফি প্রেরণের নিয়মাবলি নিম্নে প্রদত্ত হলো।

১। পরীক্ষার Online কপি পূরণের নিয়মাবলি ঃ

১.১ পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের অত্যন্ত সাবধানতার সহিত নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডের Website এর মাধ্যমে Online এ ফরম পূরণ সম্পন্ন করতে হবে।

১.২ প্রত্যেক পরীক্ষার্থীকে স্বীয় Online-এ নির্ধারিত স্থানে রেজিস্ট্রেশন নম্বর, সেশন নাম ও অন্যান্য তথ্য নির্ভুলভাবে আছে কিনা মিলিয়ে নিতে হবে।

২। পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহের হার নিম্নরূপ ঃ

| ২য় পর্ব সমাপনী | | | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | পরীক্ষার ফি ২য় পর্ব | ৩৫০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ২ | কেন্দ্র ফি ২য় পর্ব | ৩২৫.০০ | - |
| ৩ | নম্বর পত্র ফি ২য় পর্ব | ৭৫.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ৪ | শুধু নিয়মিত পরীক্ষার্থী সনদপত্র ফি ২য় পর্ব | ১০০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ৫ | অনিয়মিত পরীক্ষার্থী সনদপত্র ফি ২য় পর্ব | প্রয়োজন নেই | - |
| ৬ | ব্যবহারিক পরীক্ষার ফি (ব্যবহারিক প্রতি বিষয়ে জন্য) | ২০.০০ | - |

২.১ নিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হতে ২য় পর্ব পরীক্ষার ফি ও অন্যান্য ফি বাবদ ৮৫০/-(আটশত পঞ্চাশ টাকা) এবং অনিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হতে ২য় পর্ব পরীক্ষার ফি ও অন্যান্য ফি বাবদ ৭৫০/-(সাতশত পঞ্চাশ টাকা) + ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি বিষয়ে ২০ টাকা) টাকা হারে আদায় করতে হবে।

| ১ম পর্ব সমাপনী | | | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | পরীক্ষার ফি ১ম পর্ব | ২২৫.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ২ | কেন্দ্র ফি ১ম পর্ব | ২২৫.০০ | - |
| ৩ | ব্যবহারিক পরীক্ষার ফি (ব্যবহারিক প্রতি বিষয়ের জন্য) | ২০.০০ | - |

২.২ প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হতে ১ম পর্ব পরীক্ষার ফি ও অন্যান্য ফি বাবদ ৪৫০/-(চারশত পঞ্চাশ টাকা) + ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি বিষয়ে ২০ টাকা) টাকা হারে আদায় করতে হবে।

৩। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক Online-কপি প্রেরণ ও পরীক্ষার ফি বোর্ডে জমা প্রদানের নিয়মাবলি ঃ

৩.১ Online -এ ভুল তথ্যবিশিষ্ট পূরণ করা হলে সরাসরি নাকচ করা হবে এবং এ জন্য অত্র বোর্ড দায়ী থাকবে না।

৩.২ নিয়মিত পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত **২য় পর্বের জন্য পরীক্ষার ফি, নম্বরপত্র ফি, সনদপত্র ফি (৩৫০+৭৫+১০০)= ৫২৫/- টাকা ও অনিয়মিত পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ২য় পর্বের জন্য পরীক্ষার ফি, নম্বরপত্র ফি (৩৫০+৭৫)= ৪২৫/- টাকা এবং ১ম পর্বের জন্য পরীক্ষার ফি, ২২৫/- টাকা হারে সোনালী/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা** এর অনুকূলে প্রদান করতঃ ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সংগে অবশ্যই জমা/প্রেরণ করতে হবে। ড্রাফটটি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা/সোস্যাল ইসলামী ব্যাংক, রোকেয়া স্বরণী, আগারগাঁও, ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

৩.৩ পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিল ব্যাংক একাউন্টে জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকলস্তরের নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানি/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই অত্র অফিসের জারিকৃত প্রবর্তিত সম্মানি/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ের অত্র বোর্ডের সচিবের বরাবরে প্রেরণ করতে হবে।

৩.৪ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহণ করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারি চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য হবে না।

৩.৫ পরীক্ষার্থীদের Online হার্ড কপি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৩.৬ অত্র অফিসে প্রেরণের পূর্বে প্রতিটি Online-এ লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথি পত্রের সাথে নির্ভুলভাবে পরীক্ষা করে টেকনোলজি অনুযায়ী শ্রেণি বিন্যাস করে আলাদাভাবে সাজিয়ে তালিকা প্রণয়ন করতে হবে। এর কোন ব্যতিক্রম গ্রহণয্যেগ্য হবে না।

৩.৭ নিম্নবর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে। প্রতি বিষয়ের পরীক্ষার্থীর সংখ্যা সম্বলিত একটি মুখপত্র সংযোজন করা আবশ্যক। অনিয়মিত/অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা আলাদাভাবে প্রেরণ করতে হবে।

| ক্রমিক নং | পরীক্ষার্থীদের নাম | রোল নম্বর | রেজিঃ নম্বর ও সেশন | পরীক্ষার ফি | নম্বরপত্র ফি | বিলম্ব ফি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

৩.৮ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

| **Online-এ মাধ্যমে পরীক্ষার্থীদের ফরম পূরণের তারিখ।** | শিক্ষা প্রতিষ্ঠানে ৩০০/- বিলম্ব ফিসহ ফরম ফিলাপ ও তারিখ | শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার ফরম পূরণকারী পরীক্ষার্থীদের তালিকা প্রিন্ট ও **ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ।** | পরীক্ষার্থীদের তালিকা প্রিন্ট ও **ব্যাংক ড্রাফট** জমা দেওয়ার তারিখ | নির্ধারিত তারিখের পরে ব্যাংক ড্রাফট ও ফরম পূরণের ক্ষেত্রে ৩০০/- বিলম্ব ফিসহ অতিরিক্ত ২৫০০/-প্রদান করে জমাদানের শেষ তারিখ। | অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ |
|---|---|---|---|---|---|
| **০৬-১০-২০২১খ্রিঃ হতে ১২-১০-২০২১খ্রিঃ** | ১৩-১০-২০২১খ্রিঃ | **১৪-১০-২০২১খ্রিঃ** | **১৪-১০-২০২১খ্রিঃ ও ১৭-১০-২০২১খ্রিঃ** | ১৮-১০-২০২১খ্রিঃ | **২০-১০-২০২১খ্রিঃ হতে ২১-১০-২০২১খ্রিঃ** |

৩.৯ পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও পরীক্ষার্থীদের Online-এর ফরম একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিস্টার বা সমপর্যায়ে কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহণযোগ্য।

- **পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ/প্রেরণ নিম্নবর্ণিত ঠিকানায় করতে হবে ঃ**

**পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা**
**দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক**
**শর্ট কোর্স শাখা, বোর্ড ভবনের পিছনে ৫ম তলা বিল্ডিং-র ৪র্থ তলা**
**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর**
**ঢাকা-১২০৭। মোবাইল ঃ ০১৭১৬-৯৪৩০৬৪**

৪। <u>অন্যান্য শর্তাবলি ঃ</u>

৪.১ পরীক্ষার্থীদের Online-এ এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না। পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি এর অর্থ একটি ড্রাফট এর মাধ্যমে ও Online-এ (এন্ট্রিফরম) সমূহ ৩.৭ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়াডিং এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে। ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়াডিং এর মাধ্যমে এন্ট্রিফরম প্রেরণ করা বর্জনীয়।

৪.২ নির্ধারিত সময় সীমার মধ্যে Online-এর কপি অত্র বোর্ডে জমা/গ্রহণ নিশ্চিত ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে এন্ট্রিফরম ও ব্যাংক ড্রাফট ৩.৮ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণই শ্রেয় ও সমীচিন।

৪.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক এন্ট্রিফরম পূরণের সময়ে অত্র বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদেরকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদেরকে অবহিত করা সর্বোত্তম।

৪.৪ পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষার শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে ফেরৎ দিতে হবে। অন্যথায় উত্তরপত্র প্রতি ১০০/- (একশত) টাকা ও অতিরিক্ত উত্তরপত্র প্রতি ৫০/- (পঞ্চাশ) টাকা হারে জরিমানা করা হবে।

৫। **পরীক্ষা বিষয়ে করণীয় ঃ**

৫.১ পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রেখে আসন বিন্যাস নিশ্চিত করতে হবে।

৫.২ পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থী কেন্দ্রের পরীক্ষাকক্ষে উপস্থিত থাকতে হবে।

৫.৩ বোর্ড কতৃক প্রেরিত প্রশ্নপত্রে চূড়ান্ত লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত লিখিত পরীক্ষার দিন কেন্দ্রে প্রশ্নপত্র পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে অনলাইনে (bteb.online) প্রেরণ করা হবে।

৬। **উত্তর পত্রের লিথু (Litho) পরীক্ষার্থীর অংশের (Top part) তথ্যাবলীঃ**

৬.১ পরীক্ষার পর্ব/বর্ষ ২য় লিখতে হবে।

৬.২ কারিকুলাম কোডঃ **৮০ (আশি)** ০১ বছর মেয়াদি এডভান্সড সার্টিফিকেট কোর্স কারিকুলাম কোড।

৬.৩ ট্রেড/স্পেশালাইজেশন/টেকনোলজি ঃ **পরীক্ষার্থীর ভর্তির স্ব স্ব ট্রেড কোড বসবে ২১/২২।**

৬.৪ পরীক্ষার্থীর রোল ডান দিক থেকে লিখতে হবে।

**৬.৫ রেজিস্ট্রেশন নম্বর ঃ** ১০ ঘর (অংক) বিশিষ্ট **রেজিস্ট্রেশন নম্বর** থাকবে। যদি **রেজিস্ট্রেশন নম্বর** ০৬ ঘর (অংক) বিশিষ্ট হয়ে **থাকলে বৃত্ত ভরাট** ৬.৬ অনুযায়ী করণীয়।

৬.৬ রেজিস্ট্রেশন নম্বর ডান হতে (একক স্থানীয় অংক) পুরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০ (শূন্য) দিয়ে বৃত্ত বরাট করতে হবে।

৬.৭ অনুরূপভাবে বিষয় কোড ডান হতে (একক স্থানীয় অংক) পুরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০(শূন্য) দিয়ে বৃত্ত বরাট করতে হবে।

৬.৮ এ বিষয়ে প্রতিষ্ঠানের প্রধানগণ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের মাধ্যমে পরীক্ষা শুরুর পূর্বেই শ্রেণী শিক্ষক দ্বারা প্রশিক্ষণের ব্যবস্থা নিবেন (লিথু কোড পৃষ্ঠাটি ফটোকপি করে)।

৬.৯ পুরাতন লিথুযুক্ত উত্তরপত্র ব্যবহার করা যাবে না উহা বোর্ডে ফেরৎ দিতে হবে।

৬.১০ একটি নমুনা কপি সংযুক্ত করা হলো।

৭। **উপস্থিত-অনুপস্থিত পরীক্ষার্থীর শিরোনাম পত্র বোর্ডে প্রেরণ করতে হবে।**

(কোন ছাত্র-ছাত্রী অনুপস্থিত থাকলে তার রোল নম্বর ও নাম হাজিরা শীটে ও শিরোনাম পত্রে উল্লেখ করতে হবে)। **সংশ্লিষ্ট** প্রতিষ্ঠানকে TC/ PC,PF এবং **জুলাই-জুন ২০১৯-২০২০ সেশনের ২য় পর্ব শিক্ষার্থীদের ১ম পর্বের GPA** এর নম্বর **আগামী ২৭ অক্টোম্বর, ২০২১ খ্রিঃ হতে ০৬ নভেম্বর, ২০২১ খ্রিঃ** তারিখের মধ্যে **Online**-এ প্রেরণ করতে হবে **(TC/ PC এবং TF/PF এর উত্তীর্ণমান ৪০%)**।

৭.১ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান TC/ PC/ PF এবং **১ম** পর্বের GPA এর নম্বর প্রেরণের **হার্ড কপি** আগামী **০৮ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখের** মধ্যে বোর্ডে ডেস্ক অফিসারের নিকট প্রেরণ করতে হবে।

৭.২ উল্লেখ্য যে কোন পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে Online এ ঐ পরীক্ষার্থীর রোল নম্বরের বিপরীতে A লিখতে হবে।

৮। ফিল্ড ট্রেনিং (ইন্টার্নিশীপ) ঃ

৮.১ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ফিল্ড ট্রেনিং (ইন্টার্নিশীপ) PF এর নম্বর **আগামী ২৬ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ হতে ২৮ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ** তারিখের মধ্যে অত্র বোর্ডের **Online**-এ প্রেরণ করতে হবে।

৮.২ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ফিল্ড ট্রেনিং (ইন্টার্নিশীপ) PF এর নম্বর প্রেরণের **হার্ড কপি** আগামী **২৯ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ তারিখের** মধ্যে বোর্ডে সংশ্লিষ্ট ডেস্ক অফিসারের নিকট প্রেরণ করতে হবে।

৮.৩ উল্লেখ্য যে, কোন পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে Online-এ ঐ পরীক্ষার্থীর রোল নম্বরের বিপরীতে A লিখতে হবে।

২২.০৯.২১

**( প্রকৌশলী মোঃ আবদুর রহমান )**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
ফোন ঃ ০২-৫৫০০৬৫২৫, ০১৭১৪০৭৫৮৩৮

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৩৮.০০১.১৭.২১.৪২ (১২৫) তারিখঃ ২২-০৯-২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত সচিব, (কারিগরি) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৪। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৫। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৬। জেলা প্রশাসক,............... সংশ্লিষ্ট সকল জেলা।

৭। উপজেলা নির্বাহী অফিসার,............... সংশ্লিষ্ট সকল উপজেলা।

০৮। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৯। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান অনুযায়ী উক্তপরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কাযার্দি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো)।

১০। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের আগামী ২০ অক্টোবর, ২০২১ খ্রিঃ তারিখের পূর্বে অ্যাডমিড কার্ড প্রিন্টপূর্বক পরীক্ষা শাখায় প্রেরণ করাসহ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো)।

১১। উপ-পরিচালক (প্রকাশনা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১২। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৩। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪। সহকারি প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৫। সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ),বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। ২০-২১ অক্টোবর-২০২১ খ্রিঃ তারিখে, **কেন্দ্র সমূহকে ২য় পর্ব পরীক্ষার Litho Coded OMR Form সম্বলিত এবং ১ম পর্ব পরীক্ষার লিথো বিহীন উত্তরপত্র সরবরাহের অনুরোধসহ।**

১৬-১২৩। অধ্যক্ষ/পরিচালক, ১ বছর মেয়াদি এডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান।

১২৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১২৫। নথি।

24/10/21

(মোহাম্মদ গোলাম মহিউদ্দিন ভূঁইয়া)
কারিকুলাম বিশেষজ্ঞ
ও
শর্ট কোর্স পরীক্ষা শাখা
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
মোবাইল ঃ ০১৭১৬-৯৪৩০৬৪